60

আজকের কাগজ

তারিখ ...14. MAY 1994 ... ...
পৃষ্ঠা ... ৩ ... কলাম .. ৭ .. ...

# এসএসসি পরীক্ষাকে ট্রাজেডিতে পরিণত করার দায়-দায়িত্ব সরকারকেই বহন করতে হবে

বাংলাদেশ কলেজ-বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতির কেন্দ্রিয় এক সভা গতকাল বিকেলে ঢাকা বিশ্ববিদ্যালয় কার্জন হলে সমিতির সভাপতি প্রফেসর ম. আখতারুজ্জামানের সভাপতিত্বে অনুষ্ঠিত হয়। সভায় ১২ এপ্রিল ঢাকায় অনুষ্ঠিত মহাসমাবেশে আগত স্কুল কর্মচারি সুনীল হালদার এবং পরবর্তীতে মানিকগঞ্জ আঞ্চলিক লিয়াজোঁ কমিটির সমন্বয়কারী প্রধান শিক্ষক খলিলুর রহমানের আকস্মিক মৃত্যুতে গভীর শোক প্রকাশ করা হয়। সভায় আগামীকাল ১৪ মে অনুষ্ঠিতব্য কেন্দ্রিয় লিয়াজোঁ কমিটির বর্ধিত সভায় আন্দোলনের জোরদার কর্মসূচি গ্রহণ করে একে বিজয় অর্জন পর্যন্ত চালিয়ে যাওয়ার অঙ্গীকার ব্যক্ত করা হয়। সভায় শিক্ষকদের মিছিলে হামলা, সন্ত্রাস দমন আইনে মিথ্যা মোকদ্দমা 'অনুদান' বন্ধ করার হুমকি, ধর্মঘটী শিক্ষকদের মুচলেকা দিয়ে আন্দোলন থেকে বিরত রাখার অপচেষ্টাসহ নানাভাবে হয়রানি ও শিক্ষামন্ত্রীর মিথ্যা ভাষণের তীব্র নিন্দা করা হয়। সভায় লিয়াজোঁ কমিটির শিক্ষক নেতারা হুঁশিয়ারিকে উপেক্ষা করে শিক্ষক-কর্মচারি ব্যতীত চলতি এসএসসি পরীক্ষা গ্রহণ করে একে প্রহসনে পরিণত করার জন্যে শিক্ষামন্ত্রীকেই মূলত দায়ী করা হয় এবং এভাবে ব্যাপক নকলবাজী ও পরীক্ষার প্রশ্নপত্র ফাঁস হওয়ার মাধ্যমে একটি জাতীয় গুরুত্বপূর্ণ পরীক্ষাকে জাতীয় ট্রাজেডিতে পরিণত করার দায়দায়িত্ব সরকারকেই বহন করতে হবে। সভায় এ ধরনের খাতা দেখা ও প্র্যাকটিক্যাল পরীক্ষায় শিক্ষকদের অংশগ্রহণ না করার সিদ্ধান্তকে অভিনন্দন জানানো হয়। শিক্ষক নেতারা অবিলম্বে লিয়াজোঁ কমিটির ৪ ও ১৫ দফা নিয়ে লিয়াজোঁ কমিটির নেতাদের সঙ্গে সরকারকে আলোচনায় বসার দাবি জানিয়েছে। বক্তব্য রাখেন- প্রফেসর রংলাল সেন, এএন রাশেদা, ডঃ মমতাজ উদ্দিন পাটোয়ারী, গোলাম মহিউদ্দিন, হুসনে আরা, মোহাম্মদ জাহাঙ্গীর প্রমুখ।